44

দৈনিক ইত্তেফাক

SEP. 0 3 199[illegible]

তারিখ ........................

পৃষ্ঠা 2 কলাম 2......

# চট্টগ্রাম ভার্সিটি লিয়াজোঁ কমিটির সহিত ছাত্রদল নেতৃবৃন্দের বৈঠক

চট্টগ্রাম অফিস ॥ গতকাল বৃহস্পতিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় লিয়াজোঁ কমিটির সহিত বিশ্ববিদ্যালয় ছাত্রদল নেতৃবৃন্দের এক বৈঠকে ছাত্রদল নেতৃবৃন্দ ক্যাম্পাসে আন্তঃবাস চালু করিয়া অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার দাবী জানায়। সকালে শহরস্থ বিশ্ববিদ্যালয় ক্লাবে বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে গঠিত লিয়াজোঁ কমিটির সভাপতি কলা অনুষদের ডীন ডঃ ইমরান হোসেনের সভাপতিত্বে আলোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় একটি ছাত্র সংগঠনের অন্তর্দ্বন্দ্বে সংঘটিত সংঘর্ষের ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক বিশ্ববিদ্যালয় বন্ধের প্রতিবাদ জানানো হয়। সভায় ইতিপূর্বেকার প্রতিটি সন্ত্রাসী কর্মকান্ডের ব্যাপারে অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবী জানানো হয়। বৈঠকে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রক্টর গাজী সালাহ উদ্দিন, অধ্যাপক ডঃ শামসুদ্দিন, অধ্যাপক আজিজুর রহমান, ছাত্রদল আহবায়ক মোহাম্মদ সেলিম, খোরশেদ আলম ফরাজী, সুজা উদ্দিন প্রমুখ।

উল্লেখ্য, গত ১৪ই আগষ্ট ছাত্রলীগের দুইটি বিবদমান গ্রুপের মধ্যে সংঘর্ষের পর বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করিয়া দেওয়া হয়।